দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUL 20 1999 ...
পৃঃ ১ কলাম ৫

76

## শিক্ষাগুরু ॥ এ কোন্ আচরণ!

বর্তমান স্কুলসমূহে কোমলমতি শিশুদের ওপর যে পরোক্ষ নির্যাতন চলছে, তার পরিণতি যে কত ভয়াবহ হতে পারে তা এক শিশু ছাত্রের প্রতি ঢাকার স্বনামধন্য (!) এক শিক্ষা প্রতিষ্ঠানের এক শিক্ষিকার আচরণ থেকে সুস্পষ্টভাবে প্রকাশ পেয়েছে। শিশুদের ওপর বই আর খাতার বোঝা চাপিয়ে দিয়ে শিক্ষক/শিক্ষিকাগণ যেমন শরীরিকভাবে শিশুদের নির্যাতন করছেন, তেমনি মানসিকভাবেও শিশুদের ওপর নির্যাতন চলছে সর্বত্র। প্রায়ই দেখা যায়, কিছু শিক্ষক/শিক্ষিকা শিশুদের আচরণ একেবারেই সহ্য করতে পারেন না। শিশুদের আচরণ হবে শিশুসুলভ, কিন্তু কতিপয় শিক্ষক/শিক্ষিকা এটা বুঝতে চান না। কিছু কিছু অভিভাবক মন্তব্য করেছেন, ক্লাসে শিশুদের ওপর নির্যাতনের কারণে অনেক শিশুর কাছে স্কুলে যাওয়া আজ আতঙ্কের বিষয়। বর্তমানে স্কুলে ভর্তি হওয়ার যে সমস্যা, তাতে করে অভিভাবকরা শিশুদের এই আতঙ্কের মধ্যেই ক্লাস করাতে বাধ্য হন, নতুন কোন স্কুলে ভর্তির কথা চিন্তা করেন না। যা হোক যেসব শিক্ষক/শিক্ষিকার কাছে শিশুদের আচরণ অসহ্য, তাঁদের উচিত শিক্ষকতা পেশা ছেড়ে দেয়া। নয়তো, আতঙ্কের মধ্যে থেকে শিশুরা আর যাই হোক পড়াশোনা করতে পারে না। নিয়ম হওয়া উচিত, পঞ্চম শ্রেণীর পূর্বের কোন ছাত্রকে শারীরিকভাবে নির্যাতন করা যাবে না। তবে কোন ছাত্রের প্রতি যদি শিক্ষক/শিক্ষিকার বিশেষ কোন অভিযোগ থাকে, তবে তিনি অভিভাবকদের সাথে এ ব্যাপারে কথা বলতে পারেন। শিশুরা দেশ ও জাতির ভবিষ্যত। তাই শিক্ষক/শিক্ষিকাদের উচিত শিশুদের প্রতি সংযত আচরণ করা।

*তপন*
*৫৩, পশ্চিম রাজাবাজার*
*তেজগাঁও, ঢাকা।*